# চবি এলাকায় উত্তেজনা ছড়ালো, স্থানীয় ও শিক্ষার্থীদের সংঘর্ষে ১৪৪ ধারা জারি



সংগৃহীত ছবি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংলগ্ন হাটহাজারী ও আশেপাশের এলাকায় শিক্ষার্থীদের সঙ্গে স্থানীয়দের সংঘর্ষের কারণে নিরাপত্তা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে প্রশাসন রোববার বিকেল ৩টা থেকে সোমবার বিকেল ৩টা পর্যন্ত ১৪৪ ধারা জারি করেছে। সংঘর্ষে বিশ্ববিদ্যালয়ের প্রক্টরসহ কয়েকজন আহত হয়েছেন এবং পরীক্ষা স্থগিত করা হয়েছে।

চট্টগ্রামের হাটহাজারী উপজেলার হাটহাজারী পৌর এলাকা এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংলগ্ন ১০ কিলোমিটার এলাকায় উত্তেজনাপূর্ণ পরিস্থিতি তৈরি হওয়ায় প্রশাসন ১৪৪ ধারা জারি করেছে। এই ধারা রোববার বিকেল ৩টা থেকে সোমবার বিকেল ৩টা পর্যন্ত কার্যকর থাকবে।

উপজেলা প্রশাসনের বরাত দিয়ে জানা যায়, বিশ্ববিদ্যালয়ের ২ নম্বর গেট এলাকায় দুপুরে দুই পক্ষের মধ্যে ধারাবাহিক সংঘর্ষের পর এই ব্যবস্থা নেওয়া হয়েছে। এর আগে, শিক্ষার্থীদের সঙ্গে স্থানীয়দের সংঘর্ষে বিশ্ববিদ্যালয়ের প্রক্টরসহ কয়েকজন আহত হয়েছেন। পরিস্থিতির কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সকল পরীক্ষা বাতিল করেছে।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, সংঘর্ষের সূত্রপাত ঘটে রাত সাড়ে এগারোটার দিকে, যখন দর্শন বিভাগের এক নারী শিক্ষার্থী তার ভাড়াবাসায় ঢোকার সময় দারোয়ানের সঙ্গে বাকবিতণ্ডায় জড়ান। এ ঘটনাটি দ্রুত ছড়িয়ে পড়ে এবং স্থানীয়রা ও শিক্ষার্থীরা সংঘর্ষে জড়িয়ে পড়েন।